



বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।
www.bb.org.bd

ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন

ডিওএস সার্কুলার লেটার নং-১৭/২০১৩

তারিখ : ১৫ আশ্বিন, ১৪২০
৩০ সেপ্টেম্বর, ২০১৩

প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল ব্যাংক কোম্পানী।

প্রিয় মহোদয়,

তৈরী পোশাক শিল্পে কর্মরত শ্রমিক/কর্মচারীদের বেতন, বোনাস ও অন্যান্য ভাতাদি প্রদানের সুবিধার্থে
১২ অক্টোবর ২০১৩ তারিখ (শনিবার) শিল্পঘন এলাকার তফসিলি ব্যাংকের শাখাসমূহ খোলা রাখা প্রসঙ্গে।

আসন্ন দুর্গাপূজা ও ঈদ-উল-আযহা'র পূর্বে তৈরী পোশাক শিল্পে কর্মরত শ্রমিক/কর্মচারীদের বেতন, বোনাস ও অন্যান্য ভাতাদি প্রদানের সুবিধার্থে বিজিএমইএ-এর অনুরোধের প্রেক্ষিতে আগামী ১২ অক্টোবর ২০১৩ তারিখ (শনিবার) ঢাকা মহানগরী, আশুলিয়া, টঙ্গী, গাজীপুর, সাভার, নারায়নগঞ্জ ও চট্টগ্রামের শিল্পঘন এলাকায় কার্যরত তফসিলি ব্যাংকের কেবলমাত্র তৈরী পোশাক শিল্প সংশ্লিষ্ট শাখাসমূহ বিশেষ ব্যবস্থায় প্রয়োজনীয় নিরাপত্তা নিশ্চিতকরণ সাপেক্ষে খোলা রাখার জন্য পরামর্শ দেয়া যাচ্ছে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

(অসীম কুমার মজুমদার)
উপ-মহাব্যবস্থাপক
ফোন : ৯৫৩০২৬১